in the P. W. D., Irrigation Branch.

দ্বিতীয় খণ্ড ৯ একর ৩ রুড ৩৬ পোল পরিমিত, তাহার উত্তর সীমা হাই লেবল খালের দ্বিতীয় ভাগ, দক্ষিণ সীমা পোহঙ্গা ও বড়হাহিঙ্গল ও জোকদিয়া মৌজার লাগাও কর্ষিত ভূমি, পূর্ব্ব সীমা পূর্ব্বোক্ত মৌজার লাগও পতিত ভূমি, ও পশ্চিম সীমা হাই লেবল খালের দ্বিতীয় ভাগে সংযুক্ত মিয়াদী ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩০৯ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ কটক জিলার অন্তর্গত মধুপুর কিল্লায় পোহঙ্গ নামে ২নং নল দিয়া জল পড়িবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মোটে ৫ একর ০ রুড ২৪ পোল পরিমিত নিম্নলিখিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

প্রথম খণ্ড ১ একর ১ রুড ২১ পোল পরিমিত, তাহার উত্তর ও পশ্চিম সীমা তেন্দ্রা মৌজার লাগাও কর্ষিত ভূমি, দক্ষিণ সীমা হাই লেবল খালের দ্বিতীয় ভাগ, ও পূর্ব্ব সীমা উক্ত কেন্দ্রা গ্রামের লাগাও পতিত ভূমি।

দ্বিতীয় খণ্ড ৩ একর ৩ রুড ৩ পোল পরিমিত, তাহার উত্তর সীমা হাই লেবল খালের দ্বিতীয় ভাগ, দক্ষিণ সীমা পতিয়া নদী, পূর্ব্ব ও পশ্চিম সীমা রাউত্রাপুর গ্রামের লাগাও কর্ষিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
জি, এ, শেরুল, লেপ্টেনেণ্ট, কর্ণেল, এস, সি।

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, SEPTEMBER 1, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১ সেপ্টেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2291.

GENERAL.—*The 17th August* 1874.—The following Officers are appointed District Grain Accountants of the stations mentioned, viz.—

Mr. J. H. S. Biddulph, East Tirhoot. Mr. F. J. Atkinson, West Tirhoot.
" W. H. Dobbie, Chumparun.

The 18th August 1874.—Baboo Rajendro Nath Mookerjee, Additional Sub-Deputy Collector, Hooghly, is appointed as a Relief Officer in that district.

The 20th August 1874.—Moulvi Abdool Hye, Deputy Magistrate and Deputy Collector, Dacca, having returned to duty on the forenoon of the 4th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 25th May 1874 is cancelled.

The 21st August 1874.—Baboo Ishree Pershad, Sub-Deputy Collector, Sonthal Pergunnahs, is allowed leave for one month under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The following Assistant Magistrates and Collectors employed in Bogra are vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring lands for relief roads in that district, viz.—

Mr. George Henry Atkinson. Mr. Frank Robert Stanley Collier.
" John Nugent. " Krishna Gobind Gupta.

The 22nd August 1874.—Mr. John Geoghegan, Acting Secretary to the Board of Revenue, is allowed furlough for one month and seven days, under Section 10 (*a*), Chapter III of the Civil Leave Code, with effect from the 25th July 1874.

Baboo Rojoni Nath Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, is vested with the powers of a Collector under Section 3, Act X of 1870, for the purpose of taking up lands required for relief roads in the Purneah district.

The 24th August 1874.—Baboo Heera Lall Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, on leave, is allowed leave for four months under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 20th June last.

Baboo Gopal Chunder Banerjee, B.L., is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade at Diamond Harbour, in the 24-Pergunnahs, *vice* Baboo Poorna Chunder Roy.

Baboo Krishna Chunder Das, Extra Assistant Commissioner, Julpigoree, is allowed leave for one month and six days under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 9th October next.

Captain Ninian Lowis is appointed to act as Manager of the Chota Nagpore Estate during the absence, on leave, of Mr. G. K. Webster, or until further orders, with effect from the date on which he relieved that officer.

[*Government Gazette*, 1*st September* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২২৯১ নম্বর।

সাধারণ।—১৮৭৪ সাল ১৭ আগষ্ট।—নিম্নলিখিত কর্ত্তৃপক্ষেরা আপন২ নামের পার্শ্বের লিখিত স্থানে প্রদেশীয় শস্যের হিসাবীর পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, এচ, এস, বিডল্‌ফ সাহেব, পূর্ব্ব ত্রিহুতে।
,, ডবলিউ, এচ, ডবি, সাহেব, চাম্পারণে।
শ্রীযুত এফ, জে, আটকিন্সন সাহেব, পশ্চিম ত্রিহুতে।

১৮৭৪ সাল ১৮ আগষ্ট।—হুগলীর আডিশ্যনল সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় ঐ জিলাতে উপকারার্থ কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৪ সাল ২০ আগষ্ট।—ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আবদুল হাই এই মাসের ৪ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে, ১৮৭৪ সালের মে মাসের ২৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৪ সাল ২১ আগষ্ট —সাঁওতাল পরগনার সব-ডেপুটী কালেকটর শ্রীযুত ঈশ্বরীপ্রসাদ বাবু সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বগুড়ায় নিযুক্ত নিম্নলিখিত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটরেরা ঐ জিলায় উপকারার্থ পথের নিমিত্তে ভূমি গ্রহণ করিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জর্জ হেনরি আটকিন্সন সাহেব।
,, জান ম্যাজেণ্ট সাহেব।
শ্রীযুত ফ্রাঙ্ক রবর্ট ষ্টানলী কলিয়র সাহেব।
,, বাবু কৃষ্ণগোবিন্দ গুপ্ত।

১৮৭৪ সাল ২২ আগষ্ট —রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটরী শ্রীযুত জান গিওগান সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ১০ (a ধারামতে ১৮৭৪ সালের জুলাই মাসের ২৫ তারিখ অবধি এক মাস সাত দিন নিয়মিত ছুটী পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রজনীনাথ চট্টোপাধ্যায়, পূর্ণিয়া জিলায় উপকারার্থ পথের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৩ ধারামতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হিরালাল মুখোপাধ্যায় গত জুন মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে চারি মাস ছুটী পাইয়াছেন। তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায়ের পরিবর্ত্তে, শ্রীযুত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বি, এল, কিয়ৎকালের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছীতে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়াছেন।

জলপাইগুড়ির অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাস সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি অক্টোবর মাসের ৯ তারিখ অবধি এক মাস ছয় দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জি, কে, ওয়েবষ্টর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত নিনিয়ান লোইস সাহেব ছোটনাগপুর মহালের কার্য্যাধ্যক্ষের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন। তিনি যে তারিখে শ্রীযুত ওয়েবষ্টর সাহেবের স্থানে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ সেপ্টেম্বর।]

The 25th August 1874.—Mr. Andrew William Cosserat, Extra Assistant Commissioner, is allowed leave for a period not exceeding thirty days, from the 5th August 1874, the date following the day of his return from furlough, to enable him to join his appointment.

Mr. Albert Champion Mangles, Magistrate and Collector of Patna, is allowed leave for one month under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 23rd instant.

Mr. Henry James Newbery is appointed to act as Magistrate and Collector of Patna during the absence, on leave, of Mr. A. C. Mangles, or until further orders.

Baboo Kasi Kinker Sen, Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is allowed leave for fifteen days under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the 3rd instant.

Baboo Doorga Mohun Ghose, Sub-Deputy Collector, Mymensingh, is allowed leave for six months under Section 5, Supplement F of the Civil Leave Code.

Mr. W. O. Clark, C.S., on special duty in Tirhoot, is transferred to the Sudder Station of Chumparun.

Baboo Luchmi Narain, Deputy Magistrate and Deputy Collector, Chumparun, is transferred to Shahabad.

POLICE.—*The 24th August* 1874.—Major Quintin Dick Parsons, Assistant Inspector-General, Railway Police, is allowed subsidiary leave for a period not exceeding thirty days to enable him to proceed to Europe on furlough.

EDUCATION.—*The 24th August* 1874.—The following gentlemen are appointed to be members of the District School Committee of Gya, viz.—

Mr. E. Grey, Judge.
" G. R. K. Meares, District Superintendent of Police.
Baboo Bhup Sen Singh, Government Pleader.
Mirza Dost Mohammed.

MEDICAL.—*The 24th August* 1874.—The services of Third Grade Assistant Surgeon Dwarkanath Sen, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of the North-Western Provinces.

CUSTOMS.—*The 24th August* 1874.—Captain H. Lawrell, Superintendent of the Preventive Service for the Port of Calcutta, is allowed leave for three months under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Mr. A. W. Shawe, Inspector, is appointed to act as Superintendent of the Preventive Service for the Port of Calcutta during the absence, on leave, of Captain H. Lawrell, or until further orders.

LOCAL FUND.—*The 24th August* 1874.—Baboo Bogola Prosono Mozoomdar, Sub-Registrar, is appointed to be Vice-Chairman of the District Road Committee of Noakholly.

ROAD CESS.—*The 25th August* 1874.—Baboo Sharoda Prosad Sookul, a Zemindar of Nattore, is appointed, under Section 49, Act X (B.C.) of 1871, to be a member of the Rajshahye District Road Cess Committee, *vice* Baboo Kishory Lal Roy, who has left the district.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 1*st September* 1874.]

১৮৭৪ সাল ২৫ আগষ্ট।—অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আনৃদ্র উলিয়ম কসিরাট সাহেব, ১৮৭৪ সালের আগষ্ট মাসের ৪ তারিখে নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে তৎপরদিন অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকারার্থ ছুটী পাইয়াছেন।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত আলবর্ট চাম্পিয়ন মাঙ্গেলস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ২৩ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, সি, মাঙ্গেলস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হেনরি জেমস'নিউবেরি সাহেব পাটনার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কাশীকিঙ্কর সেন, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এই মাসের ৩ তারিখ অবধি পনের দিন ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু দুর্গামোহন ঘোষ, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

ত্রিহুতে বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত ডবলিউ ও ক্লার্ক সাহেব, সি, এস, চাম্পারণের সদর মোকামে প্রেরিত হইলেন।

চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত লক্ষ্মীনারায়ণ বাবু শাহাবাদে প্রেরিত হইলেন।

পোলীসসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৪ আগষ্ট।— রেলওয়ে পোলীসের আসিষ্টাণ্ট ইনস্পেকটর জেনরল মেজর শ্রীযুত কুইণ্টিন ডিক পারসন্স সাহেব, নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিতে পারিবার নিমিত্তে ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

জজ শ্রীযুত ই, গ্রে সাহেব।
পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, আর, কে মিয়ার্স সাহেব।
গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু ভুপ সেন সিংহ।
শ্রীযুত মির্জা দোস্ত মহম্মদ।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—রাজধানীতে অতিরিক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দ্বারকানাথ সেন, উত্তরপশ্চিমদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

কষ্টমসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—কলিকাতা বন্দরে মাসুলচুরী নিবারণকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এচ লরেল সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

কাপ্তান শ্রীযুত এচ লরেল সাহেবের ছুটী প্রযুক্ত অনুস্থাপন কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ইনস্পেকটর শ্রীযুত এ ডবলিউ শা সাহেব, কলিকাতা বন্দরে মাসুলচুরী নিবারণ কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

স্থানীয় ফণ্ডসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু বগলা প্রসন্ন মজুমদার নওয়াখালীর প্রদেশীয় পথ কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

পথকরসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৫ আগষ্ট।—শ্রীযুত বাবু কিশোরীলাল রায় রাজসাহী জিলাহইতে গমন করাতে তৎপরিবর্ত্তে নাটোরের জমীদার শ্রীযুত বাবু শারদাপ্রসাদ সুকল, ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৪৯ ধারামতে রাজসাহী জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ সেপ্টেম্বর।]

NOTIFICATION.

The 24th August 1874.—In continuation of the Notification of the 28th July 1874, published in the *Calcutta Gazette* of the 29th idem, the name of Mr. Samuel Simpson Jones, Assistant Magistrate and Collector, Moorshedabad, is noted as entitled to be considered as passed by the Higher Standard, *subject to his fully qualifying and passing in Bengali and Hindustani by that Standard within one year from his release from famine duty.*

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

RESOLUTION.

GENERAL DEPARTMENT.

SECTION B.

Calcutta, the 22nd August 1874.

READ—

Resolution in the Financial Department of this Government, dated 22nd April 1873, regarding the provision of executive establishments to sub-divisions.

Rules for the Instruction and Examination of Candidates for the Native Civil Service, dated 22nd April 1873.

Report by the Superintendent of the Subordinate Civil Service Examination of the result of the examination held in March last at Hooghly, Patna, Dacca, Cuttack, and Gowhatty.

This office letter to the Director of Public Instruction, dated 10th October last, prescribing the revised rules for the Native Civil Service Examination of 1865, and for the regulation of the Native Civil Service Classes.

LISTS of the candidates who passed at the Native Civil Service Examinations which were held during the month of March last at Hooghly, Patna, Dacca, Cuttack, and Gowhatty, have already been published in the *Calcutta Gazette.*

2. Of 423 candidates who obtained permission, 385 actually appeared and were examined. Of these 67 were declared by the examiners to have passed in the higher grade and 132 in the lower grade. One more candidate has been passed in the lower grade on the recommendation of the Superintendent of the Examinations. The total number of passed candidates is 200.

3. Of the candidates who passed in the lower grade, nine having passed with distinction, have been placed, at the special recommendation of the Superintendent of the Examinations, in the higher grade, making a total of 76. Of these 38 having fulfilled the requirements of paragraph 4, Part II, of the Rules for the Instruction and Examination of Candidates for the Native Civil Service, dated 22nd April 1873, have been placed in Class I and declared eligible for all appointments in the Subordinate Civil Service. The remaining 38 candidates have been placed in Class II, and will become eligible for all such appointments on their serving for one year in appointments of less value than Rs. 100 per mensem, for which they are now declared qualified.

4. The remaining 123 who passed in the lower grade, and the one who has been specially so passed, have been placed in Class III, and are declared qualified to hold appointments of less value than Rs. 100 per mensem.

5. The Commissioners to whose divisions the second class men of the examinations of 1873 were allotted, have been desired to report on their qualifications. If they are found deserving, they will be declared to be eligible for all appointments.

6. Two of the candidates who have passed in the first class are natives of Assam, and are anxious for employment in that province. Their cases will

বিজ্ঞাপন

১৮৭৪ সাল ২৪ আগষ্ট।—১৮৭৪ সালের ১৮ জুলাইর যে জ্ঞাপনপত্র আগষ্ট মাসের ৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায়, তদতিরিক্ত এই কথা প্রচার করা যাইতেছে। মুরশিদাবাদের আসিষ্টাণ্ট ম্যাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সামুয়েল সিমসন জোন্স সাহেব দুর্ভিক্ষ জন্য কর্ম্ম হইতে অবসর পাইবার পর এক বৎসরের মধ্যে বাঙ্গলা ও হিন্দুস্থানী ভাষায় উচ্চতর কষ্টিমতে সুযোগ্যরূপে উত্তীর্ণ হইবার অপেক্ষায় উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহার বিষয়ে এমত জ্ঞান করিতে হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

নির্দ্ধারণ।

জেনরল ডিপার্টমেণ্টের।

B সেকশন।

কলিকাতা ১৮৭৪ সাল ২২ আগষ্ট।

মামা মহকুমায় ব্যবস্থা নির্ব্বাহক কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার বিধান বিষয়ে এই গবর্ণমেণ্টের ফিনান্সশ্যল ডিপার্টমেণ্টে ১৮৭৩ সালের আপ্রিল মাসের ২২ তারিখের যে নির্দ্ধারণ হইয়াছিল তাহা পাঠ করা গেল।

এদেশীয় সিবিল সরবিসের পদাকাঙ্ক্ষিদের শিক্ষা ও পরীক্ষা বিষয়ক ১৮৭৩ সালের ২২ আপ্রিলের বিধি। এবং

গত মার্চ মাসে হুগলী ও পাটনায় ও ঢাকায় ও কটকে ও গৌহাটীতে যে পরীক্ষা হইয়াছিল, নিম্নতর শ্রেণীর সিবিল সরবিসের পরীক্ষা কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ পরীক্ষার ফলের যে রিপোর্ট করেন তাহাও পাঠ করা গেল।

শিক্ষা সংক্রান্ত ডাইরেকটর সাহেবের নামে এই দফতরের গত অকটোবর মাসের ১০ তারিখের যে পত্রে এদেশীয় সিবিল সরবিসের ১৮৬৫ সালের পরীক্ষার ও এইদেশীয় সিবিল সরবিস সংক্রান্ত কেলাসের বিধান করণার্থ সংশোধিত বিধি প্রচারিত হইয়াছিল তাহাও পাঠ করা গেল।

গত মার্চ মাসে হুগলীতে ও পাটনায় ও ঢাকায় ও কটকে ও গৌহাটিতে এদেশীয় সিবিল সরবিস সংক্রান্ত যে পরীক্ষা হইয়াছে, সেই পরীক্ষায় যাঁহারা উত্তীর্ণ হন, বাঙ্গলা গেজেটে তাঁহারদের নামনির্ঘণ্ট প্রকাশ করা গিয়াছে।

২। ৪২৩ জন পদাকাঙ্ক্ষী পরীক্ষা দিবার অনুমতি পাইয়াছিলেন। ইহাঁদের মধ্যে ৩৮৫ জন উপস্থিত হইয়া পরীক্ষা দিলেন। তাঁহাদের ১৭ জন উচ্চ শ্রেণীতে ও ১৩২ জন নিম্ন শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন, পরীক্ষকেরা ইহা জানাইলেন। পরীক্ষাকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুরোধে আর এক জন নিম্নতর শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন। উত্তীর্ণ সমুদয় পদাকাঙ্ক্ষির সংখ্যা ২০০ জন।

৩। যাঁহারা নিম্নতর শ্রেণীতে উত্তীর্ণ হইলেন তাহাদের মধ্যে নয় জন অতিপ্রশংসিতরূপে উত্তীর্ণ হওয়াতে, পরীক্ষাকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বিশেষ অনুরোধে তাহাদিগকে উচ্চ শ্রেণীর মধ্যে ধরা গেল, তাহাতে ঐ শ্রেণীর উত্তীর্ণ ছাত্রদের সংখ্যা ৭৬ জন হইল। এদেশীয় সিবিলসরবিস সংক্রান্ত পদাকাঙ্ক্ষিদের শিক্ষা ও পরীক্ষা বিষয়ে ১৮৭৩ সালের ২২ আপ্রিলের যে বিধি হইয়াছে, উক্ত ৭৬ জনের মধ্যে ৩৮ জন ঐ বিধির ২ দ্বিতীয় খণ্ডের ৪ প্রকরণের নির্দ্দিষ্ট নিয়ম পালন করাতে প্রথম শ্রেণী ভুক্ত হইয়া নিম্নতর শ্রেণীর সিবিল সরবিসের কোন পদেই নিযুক্ত হইবার যোগ্য বলিয়া প্রকাশ হইলেন। অবশিষ্ট ৩৮ জন দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া মাসে ১০০ টাকার কম বেতনের পদে নিযুক্ত হইবার যোগ্য প্রকাশ হইলেন। তাঁহারা এক বৎসর সেই২ পদে কর্ম্ম করণানন্তর উক্ত কোন পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন।

৪। উপরোক্ত যে এক ব্যক্তি বিশেষমতে উত্তীর্ণ হইলেন তাঁহাকে ও অবশিষ্ট যে ১২৩ জন নিম্নতর শ্রেণীতে উত্তীর্ণ হন, তাঁহাদিগকে তৃতীয় শ্রেণীতে ভুক্ত করা গিয়াছে, ও তাঁহারা ১০০ টাকার কম বেতনের পদে নিযুক্ত হইবার যোগ্য বলিয়া প্রকাশ হইলেন।

৫। ১৮৭৩ সালের পরীক্ষোত্তীর্ণ দ্বিতীয় শ্রেণীর ব্যক্তিদিগকে যে২ দেশখণ্ডে নিযুক্ত করা গিয়াছিল, সেই২ খণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি তাঁহাদের কর্ম্মণ্যতাবিষয়ে রিপোর্ট করিতে আদেশ করা গেল। যোগ্য হইলে তাঁহারা যে কোন পদেই হউক নিযুক্ত হইবার উপযুক্ত বলিয়া প্রকাশ হইবেন।

৬। যাঁহারা প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইলেন তাঁহাদের মধ্যে দুই জন আসাম দেশীয়, ও সেই দেশে কর্ম্ম পাইতে চাহেন। আসামের প্রধান কমিশ্যনর সাহেবের নিকটে তাঁহাদের কথা

be brought to the notice of the Chief Commissioner of Assam, and a copy of Mr. Grimley's remarks regarding these two candidates in paragraph 6 of his report will be forwarded for the information of the Chief Commissioner.

7. Baboo Nundkishore Dass, Deputy Magistrate and Deputy Collector, and Bhoonya Abdoor Ruhman Khan, Sub-Deputy Collector in Orissa, who were appointed to their respective offices subject to passing the Native Civil Service Examination, and have passed in the higher grade, are now confirmed in their appointments.

8. The Superintendent of the Examinations recommends that a silver medal be awarded to Baboo Lolitmohun Dhur, the first on the list of the passed candidates. The Lieutenant-Governor has already, in recognition of the merits of this native gentleman, conferred on him an appointment of acting Deputy Magistrate and Deputy Collector, and he considers this, under the circumstances, the more appropriate form of reward.

9. Another passed candidate of this year, Baboo Omoollo Churn Mullick, who was formerly a member of the Subordinate Executive Service, but removed for failure to pass the departmental examinations within the prescribed time, has, in accordance with the promise held out to him at the time of his removal, been appointed to act as a Deputy Magistrate and Deputy Collector.

10. Forty other canditates have been appointed temporary Sub-Deputies or Relief Superintendents in connection with the present famine relief operations, since the date of the examination.

11. The following is an abstract of the allotment which has been made of the passed candidates, exclusive of the two passed candidates who will be recommended to the Chief Commissioner of Assam :—

Division.	1st class candidates.	2nd class candidates.	3rd class candidates.
Burdwan	5	5	14
Presidency	6	6	13
Rajshahye	6	8	13
Cooch Behar	1	0	4
Dacca	4	4	12
Chittagong	2	4	10
Patna	5	3	25
Bhagulpore	3	3	15
Orissa	2	2	7
Chota Nagpore	2	3	11
Total ...	36	38	124

12. A list showing the names of the candidates allotted to the different divisions has been already circulated with this office Circular No. 12E, dated the 14th instant. They are recommended to report themselves to the Commissioners of the divisions to which they are assigned. Any candidates who wish to exchange by mutual arrangement with other candidates placed in the allotment list, may jointly apply to Government for permission to do so within a month of the publication of this resolution. Commissioners who have exhausted their own lists may select men from the other lists with the consent of the Commissioner to whom the candidate has been allotted.

13. The attention of Commissioners is drawn to the following extract from the Native Civil Service Examination Rules now in force :—" Lists of successful examinees will be published in the *Gazette*, so that Commissioners, Magistrates, and Educational Committees, may select for ministerial or other appointments passed candidates for whom vacancies in the Native Civil Service may not be immediately available."

[*Government Gazette*, 1st *September* 1874.]

জ্ঞাত করা যাইবে, ও গ্রিমলি সাহেব আপনার রিপোর্টের ৬ দফায় ঐ দুই ব্যক্তির বিষয়ে যাহা লিখিয়াছেন, তাহার নকল প্রধান কমিশ্যনর সাহেবের জ্ঞানার্থে পাঠান যাইবে।

৭। উড়িষ্যার অন্তর্গত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর বাবু নন্দকিশোর দাস ও সব-ডেপুটী কালেকটর ভূঞয়া আবদুর রহমান খাঁ এদেশীয় সিবিল সরবীসের পরিক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় সেই২ পদে নিযুক্ত হইয়াছিলেন। এইক্ষণে তাঁহারা উচ্চতর শ্রেণীতে উত্তীর্ণ হইয়া ঐ পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

৮। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নামনির্ঘণ্টের মধ্যে বাবু ললিতমোহন ধরের নাম প্রথমেই থাকাতে, পরীক্ষা কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাঁহাকে রৌপ্যপদক প্রদান করিতে অনুরোধ করিলেন। কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত মহোদয়ের সদগুণ ও যোগ্যতাহেতুক তাঁহাকে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত করিয়াছেন। ভাবগতিক বিবেচনায় তিনি পদক অপেক্ষা এই প্রকারের পুরস্কার শ্রেষ্ঠ বোধ করেন।

৯। এই বৎসরের উত্তীর্ণ অন্য পদাকাঙ্ক্ষি বাবু অমূল্যচরণ মল্লিক পূর্ব্বে নিম্নশ্রেণীর একসেক্টিব সরবিসে ছিলেন। কিন্তু নির্দ্ধারিত সময়ের মধ্যে কর্ম্মবিভাগের পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারাতে তাঁহাকে অবসর করা গিয়াছিল। অবসর করণ সময়ে তাঁহার নিকট যাহা প্রতিজ্ঞা করা গেল তদনুসারে তিনি ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

১০। পরীক্ষার তারিখের পর ইদানীং দুর্ভিক্ষ জন্য উপকারার্থ কার্য্যসম্পর্কে আর চল্লিশ জনকে কিয়ৎকালের নিমিত্ত সব-ডেপুটীর কিম্বা উপকারার্থ কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত করা গেল।

১১। যে দুই ব্যক্তির পক্ষে আসামের প্রধান কমিশ্যনর সাহেবের নিকট অনুরোধ করা যাইবে, তাঁহাদের ছাড়া উত্তীর্ণ অন্য ব্যক্তিদিগকে যে২ স্থানে নিযুক্ত করা গিয়াছে তাহার চুম্বক-পত্র এই।

খণ্ড।	প্রথম শ্রেণী,	দ্বিতীয় শ্রেণী,	তৃতীয় শ্রেণী।
বর্দ্ধমান	৫	৫	১৪
প্রেসিডেন্সি	৬	৬	১৩
রাজশাহী	৬	৮	১৩
কুচবিহার	১	০	৪
ঢাকা	৪	৪	১২
চট্টগ্রাম	২	৪	১০
পাটনা	৫	৩	২৫
ভাগলপুর	৩	৩	১৫
উড়িষ্যা	২	২	৭
ছোট নাগপুর	২	৩	১১
সর্ব্বসুদ্ধ	৩৬	৩৮	১২৪

১২। নানা দেশখণ্ডে যে২ পদাকাঙ্ক্ষিদিগকে নিরূপণ করা গেল এই দফ্তরের বর্ত্তমান মাসের ১৪ তারিখের ১২০E নম্বরের সরক্যুলরের সঙ্গে তাঁহাদের নামের নির্ঘণ্ট প্রচার করা গিয়াছে। তাঁহারা যে২ দেশখণ্ডে নিযুক্ত হইলেন সেই২ খণ্ডের কমিশ্যনর সাহেবদের নিকট আপনাদের পঁহুছিবার কথা রিপোর্ট করেন, এই আদেশ করা গেল। যে প্রদেশে কোন পদাকাঙ্ক্ষির স্থান নিরূপণ হইল, তিনি ও অন্য পদাকাঙ্ক্ষী পরস্পর স্থান পরিবর্ত্তন করিতে চাহিলে, তাঁহারা এই নির্দ্ধারণপত্র প্রকাশ হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উভয়ে একত্র হইয়া গবর্ণমেণ্টের অনুমতি প্রার্থনা করিতে পারিবেন। যে কমিশ্যনর সাহেবের পক্ষে যত জন নিরূপণ হইয়াছে সেই সমুদয়কে নিযুক্ত করিলে পর অন্য কর্ম্মকারকদের প্রয়োজন থাকিলে, নির্ঘণ্টপত্র দেখিয়া যে ব্যক্তিদিগকে চাহেন তাহাদিগকে অন্য যে কমিশ্যনর সাহেবদের প্রদেশে নিযুক্ত করা গেল তাঁহাদের অনুমতি লইয়া সেই ব্যক্তিদিগকে আনাইতে পারিবেন।

১৩। এদেশীয় সিবিল সরবিসের পরীক্ষাবিষয়ক যে বিধি এইক্ষণে প্রচলিত আছে তাহাহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথার প্রতি কমিশ্যনর সাহেবদিগকে মনোযোগ করিতে আদেশ হইল;— "যাঁহারা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন গেজেটে তাঁহাদের নাম নির্ঘণ্ট প্রকাশ করা যাইবে। তাঁহারা এদেশীয় সিবিল সরবিস সংক্রান্ত যে পদে নিযুক্ত হইতে পারেন এমত কোন পদ শূন্য না থাকিলে, কমিশ্যনর সাহেবেরা ও মাজিষ্ট্রেট সাহেবেরা ও শিক্ষা সংক্রান্ত নানা স্থানের কমিটী সেই নির্ঘণ্টপত্র দেখিয়া লোক মনোনীত করিয়া আমলার কি অন্য কোন পদে নিযুক্ত করিতে পারিবেন।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ সেপ্টেম্বর।]

14. Detailed lists showing the past service, the University or other attainments of each candidate, and the special subjects in which he passed, will be forwarded to Commissioners.

15. Unpassed candidates who were temporarily admitted to appointments pending the result of the late examination, or who were appointed subject to passing at that examination, and have failed to do so, should be now replaced by passed men. The attention of all Commissioners of divisions is requested to this order.

16. It is to be understood that the appointments which have been made or may be made of men who have never before served Government are on probation for a year, and that their confirmation will depend on the practical efficiency shown by them. The District Officers will report on this point through the Commissioner after the expiry of a year. Their attention is drawn to paragraph 18 of the Resolution in Financial Department of 22nd April 1873. The reports now overdue should be submitted at an early date to the address of the Secretary to this Government in the General Department, Section B.

17. The Superintendent of the Examinations has recommended that thirty-seven of the candidates who have failed, but who have attained the passing standard of marks in certain subjects, may, if they appear at the next examination, be exempted from examination in those subjects. The proposal is however opposed to the principle on which these examinations have been hitherto conducted, and does not commend itself to the Lieutenant-Governor.

18. Mr. Grimley has also suggested that Messrs. Swinden, Babanau, and Lloyd, be considered qualified for appointments in the Opium Department, as they have succeeded in passing in some of the subjects which are obligatory for opium candidates. There are, however, other considerations which regulate the special nominations required under the rules for opium appointments, and the Lieutenant-Governor is not prepared to adopt the proposals made in favor of these gentlemen. Their success in the subjects in which they have passed qualify them for the general service, but gives them no claim to be admitted to the Opium Department.

19. As explained in the letter to the Board of Revenue, No. 1157G, dated 28th October 1872, candidates for opium appointments are required to pass in—

1. English.
2. Vernacular.
3. Surveying.
4. Law (opium laws and rules, &c.).
5. Chemistry.
6. Botany.

They are not required to pass in engineering or drawing. Apparently there has been some confusion from a misunderstanding of the rules in the recent examinations. In future when special permissions are given to candidates for the Opium Department, they will be informed of the rules which regulate their examination.

20. Mr. J. W. H. Dalrymple Clark, who was appointed to act as Assistant Superintendent of Police, subject to passing the examination for police appointments, has passed very successfully in criminal law, but has failed in other subjects. He was only nominated in November last, and has had but little time for preparation. He has lately been employed on distant duty in connection with the famine relief operations in Julpigoree, and under these circumstances will retain his present acting appointment subject to the results of the next examination.

21. The total amount of fees received from candidates at the late examinations is Rs. 9,060. The sum of Rs. 3,704-5-3 has already been disbursed, debitable to the receipts on account of fees. The propositions submitted by Mr. Grimley for remunerating the examiners and other gentlemen who have assisted in the late examinations are sanctioned. In addition, it is necessary to provide some remuneration for Mr. Grimley for his share of the work performed by him as Superintendent of the Examination subsequent to the date of his assuming charge of the office of Secretary to the Board of Revenue on

১৪। প্রত্যেক জন পদাকাঙ্ক্ষী পূর্ব্বে যে২ কর্ম্ম করিয়া থাকেন, ও বিশ্ববিদ্যালয়ে কি অন্য স্থানে বিদ্যাসংক্রান্ত যে পদপ্রাপ্ত হইয়াছেন, ও বিশেষ যে২ বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন, এই সকল কথার বিস্তারিত নির্ঘণ্টপত্র কমিশ্যনর সাহেবদের নিকট পাঠান যাইবে।

১৫। কোন পদাকাঙ্ক্ষিরা পরীক্ষোত্তীর্ণ না হইয়া এই পরীক্ষার ফলের অপেক্ষায় কিয়ৎকালের নিমিত্ত কর্ম্মে নিযুক্ত হইবার অনুমতি পাইলে, কিম্বা সেই পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় নিযুক্ত হইলে, যদি পরীক্ষোত্তীর্ণ না হইয়া থাকেন, তবে তাঁহাদের স্থানে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদিগকে নিযুক্ত করা উচিত। নানা খণ্ডের কমিশ্যনরদের প্রতি এই আজ্ঞায় মনোযোগ করিতে আদেশ হইল।

১৬। যে ব্যক্তিরা পূর্ব্বে গবর্ণমেণ্টের নিকট কোন কর্ম্ম না করিয়া থাকেন তাঁহারা ইতিপূর্ব্বে বা অতঃপরে কোন পদে নিযুক্ত হইলে, পরীক্ষার্থে এক বৎসর নিযুক্ত থাকিবেন ও কার্য্য দক্ষতা প্রকাশ করিলে সেই২ পদে স্থায়িরূপে নিযুক্ত হইতে পারিবেন, এই কথা জানা কর্ত্তব্য। ঐ বৎসর গত হইলে জিলার কর্ত্তৃপক্ষেরা কমিশ্যনর সাহেবদের দ্বারা এই বিষয়ের রিপোর্ট করিবেন। তাঁহাদের প্রতি ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২২ আপ্রিলের নির্দ্ধারণপত্রের ১৮ দফায় মনোযোগ করিতে আদেশ হইল। তদ্রূপের যে রিপোর্ট এই সময়ে পাঠান উচিত জেনরল ডিপার্টমেণ্টের B সেকশ্যনে এই গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নামে তাহা ত্বরায় পাঠাইবেন।

১৭। পদাকাঙ্ক্ষিদের মধ্যে সাঁইত্রিশ জন উত্তীর্ণ না হইলেও, কোন২ বিষয়ে উত্তীর্ণ হওয়ার উপযুক্ত অঙ্ক পাইয়াছেন বলিয়া আগামিবারের পরীক্ষায় উপস্থিত হইলে সেই২ বিষয়ের পরীক্ষা হইতে মুক্ত হন, পরীক্ষাকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই অনুরোধ করিয়াছেন। কিন্তু এই২ পরীক্ষা যে নিয়ম অনুসারে চালান গিয়া থাকে ঐ প্রস্তাবটি সেই নিয়মের বিপক্ষ ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মনে লয় না।

১৮। আফীন সংক্রান্ত পদাঙ্ক্ষিদের যে২ বিষয়ে পরীক্ষা দেওয়া আবশ্যক. সুইণ্ডন ও বাবানো ও লয়ড সাহেব তন্মধ্যে কোন২ বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন বলিয়া, আফীন কর্ম্মবিভাগে পদ পাইবার যোগ্য জ্ঞান হন, গ্রিমলি সাহেব এই অনুরোধ করিয়াছেন। কিন্তু আফীনসংক্রান্ত কর্ম্মে নিযুক্ত করিবার যে বিধি আছে সেই বিধিমতে লোকদিগকে বিশেষরূপে নিযুক্ত করণার্থে অন্য২ বিষয়ও বিবেচ্য হওয়াতে উক্ত তিন জন সাহেবের সপক্ষে যে প্রস্তাব হইয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিতে সম্মত নহেন। তাঁহারা যে২ বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন তদ্দ্বারা সাধারণ কর্ম্মসংক্রান্ত পদে নিযুক্ত হইতে পারিবেন, কিন্তু আফীনসংক্রান্ত কর্ম্মবিভাগে তাহারদের গ্রাহ্য হইবার অধিকার নাই।

১৯। রেবিনিউ বোর্ডের সাহেবদের নিকট ১৮৭২ সালের ২৮ অকটোবরের ১১৫৭G নম্বরের যে পত্র পাঠান গিয়াছিল তদনুসারে আফীন সংক্রান্ত কর্ম্মাকাঙ্ক্ষিদের এই২ বিষয়ে উত্তীর্ণ হইতে হইবে।

১। ইঙ্গরেজী ভাষায়।	৪। আইনে (অর্থাৎ আফীন বিষয়ক আইন ও বিধি প্রভৃতিতে)
২। দেশীয় ভাষায়।	৫। কিমীয় বিদ্যায়।
৩। জরীপী কার্য্যে।	৬। উদ্ভিদ্বিদ্যায়।

ইঞ্জিনিয়রিং অর্থাৎ স্থপতি বিদ্যায় কি চিত্রবিদ্যায় তাঁহাদের উত্তীর্ণ হইবার প্রয়োজন নাই। বিধি বুঝিবার কিঞ্চিৎ ভ্রমহেতুক গত কএকবারের পরীক্ষায় গোলযোগ হইয়াছে। ইহার পর আফীন কর্ম্মবিভাগের পদাকাঙ্ক্ষিদিগকে বিশেষ অনুমতি দেওয়া গেলে, যে২ বিধিমতে তাঁহাদের পরীক্ষা দিতে হইবে তাঁহাদিগকে সেই বিধি জ্ঞাত করা যাইবে।

২০। জে, ডবলিউ, এচ, ডালরিম্পল ক্লার্ক সাহেব পোলীসের কর্ম্মের নিমিত্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়াছিলেন। তিনি ফৌজদারী আইনের পরীক্ষায় উত্তমরূপে কৃতকার্য্য হইয়াছেন, কিন্তু অন্যান্য বিষয়ে উত্তীর্ণ হন নাই। গত নবেম্বর মাসে মনোনীত হওয়াতে পরীক্ষার নিমিত্ত তাঁহার প্রস্তুত হইবার সময় অতি অল্প ছিল। সম্প্রতিও তিনি দূরস্থানে জলপাইগুড়িতে দুর্ভিক্ষজন্য উপকারার্থ কার্য্যে নিযুক্ত ছিলেন। এই২ বিষয় বিবেচনায় তিনি আগামিবারের পরীক্ষার ফলের অপেক্ষায় উক্ত পদে একটিংরূপে থাকিতে অনুমতি পাইয়াছেন।

২১। গত বারের পরীক্ষায় পদাকাঙ্ক্ষিদের স্থানে সর্ব্বসুদ্ধ ৯০১০ টাকা ফী পাওয়া গিয়াছে। সেই টাকাহইতে ইহার মধ্যে ৩৭০৪।/৩ টাকা খরচ হইয়াছে। এই বারের পরীক্ষায় যাঁহারা পরীক্ষক ছিলেন ও অন্য যে ব্যক্তিরা সাহায্য করিয়াছিলেন গ্রিমলি সাহেব তাহারদিগকে পারিতোষিক প্রদান করিবার যে প্রস্তাব করিলেন তাহার অনুমোদন হইয়াছে। গ্রিমলি সাহেব আপ্রিল মাসের ১৩ তারিখে রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর কর্ম্ম গ্রহণ করিলে তিনি গত জানুআরি মাসের ১৫ তারিখঅবধি মাসে ১০০০ টাকার যে বিশেষ বৃত্ত পাইতেন তাহা রহিত হইল, কিন্তু ঐ সেক্রেটরীর পদ গ্রহণ করিবার পর তিনি পরীক্ষাকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টস্বরূপ যে কর্ম্ম করিলেন তৎপ্রযুক্ত তাঁহার পারিতোষিক পাইবার বিধান করা উচিত। বিশেষতঃ তাঁহার কর্ম্ম হালকা

the 13th April, when the special allowance, which he had drawn at the rate of Rs. 1,000 a month from the 15th January last, ceased. Mr. Grimley's labors have not been light, and he has performed the duty very satisfactorily. The Lieutenant-Governor is pleased therefore to pass to him a further remuneration of Rs. 500 a month for two months from the 13th April last. The further expenditure thus sanctioned amounts in all to Rs. 4,503, and is shown in detail in the statement appended to this Resolution.

22. The thanks of Government are due to Mr. Grimley and to the gentlemen who were associated with him in conducting the examination; and the Lieutenant-Governor has much pleasure in acknowledging the services which have been again rendered in the matter by Messrs. Sutcliffe and Thwaytes and by other gentlemen in the Educational Department.

23. The Lieutenant-Governor regards the general outturn of these examinations with satisfaction, as showing that the system is duly appreciated by the educated classes, and that increasing numbers are endeavouring to qualify themselves by study and experience.

24. But it must be borne in mind that the result of the past examination, and of those which were held on two previous occasions, has been to render 376 gentlemen eligible for appointments. The appointment to sub-divisions for the first time of subordinate executive officers has enabled Government already to provide almost all those passed on previous occasions with suitable posts, and in this year the necessities of the famine have rendered available a considerable number of appointments for the men who have passed this year's examination. In the future, however, the requirements of the Government service will be on a much smaller scale. Including temporary and officiating appointments, the approximate number of officers of the higher grade in the services for the supply of which these examinations were specially organized is 375, as in the margin. Excluding temporary posts, there are only 100 appointments of the lower grade of such a character as passed candidates would be likely to accept in the sub-divisional establishments. To these must be added whatever appointments Magistrates and Educational Committees may put at their disposal. Taking all these into account, it is not likely that the number of vacancies in appointments of both grades will exceed 15 on an average yearly. And it is to be remembered that under the rules it has been distinctly laid down that a passed candidate is not entitled by his success to an appointment under Government, but is only eligible for such appointments as vacancies arise. It is not, therefore, absolutely obligatory that all the appointments which may fall vacant shall be conferred on the gentleman selected from among the passed candidates. The selection of Government is not entirely limited to the list of those who have succeeded at these examinations. The Lieutenant-Governor though quite desirous of maintaining the principle of the existing rules, yet deems it expedient to state these circumstances, lest expectations should arise to an extent which Government may be unable to fulfil.

Deputy Magistrates and Deputy Collectors ...	232
Sub-Deputy Collectors	114
Subordinate Executive Service in Non-Regulation Provinces	29
Total ...	375

25. From what is above stated, it appears that already there are many more passed candidates for appointments on the Government lists than Government can ordinarily hope to provide for in the next two years. In the rules which have already been published for the examination which is to be held in the early part of next year, some provision has been made with a view to reduce the number of those who can present themselves for examination, and further proposals have been made for effecting this in a greater degree eventually. The Lieutenant-Governor apprehends that it may become necessary to make some limitation of the rule under which candidates obtaining a certain number of marks on different subjects are qualified for appointments, or to adopt for the future the competitive system (with such modifications as may be found expedient), and to limit the number of successful candidates to the number of vacancies which may be previously notified to exist in the

নয়, আর তিনি ঐ কর্ম্ম অত্যন্ত সন্তোষজনকরূপে নির্ব্বাহ করিলেন। এই২ বিষয় বিবেচনায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাঁহাকে গত আপ্রিল মাসের ১৩ তারিখঅবধি দুইমাসের জন্যে মাসে ৫০০৲ টাকা পারিতোষিক দিয়াছেন। এই প্রকারে আর যে টাকা খরচ হইল তাহা ধরিয়া সর্ব্বসুদ্ধ ৪৫০৩৲ টাকা খরচ হইয়াছে। এই নির্দ্ধারণ পত্রের শেষে তাহার বিস্তারিত প্রকাশ হইল।

২২। শ্রীযুত গ্রিমলি সাহেবের প্রতি, ও পরীক্ষার কার্য্যে অন্য যে ব্যক্তিরা তাঁহার সহযোগী ছিলেন তাঁহাদেরও প্রতি গ্রবর্ণমেন্ট কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন। আর শ্রীযুত সটক্লিফ সাহেব ও থুয়েটস সাহেব ও শিক্ষাসংক্রান্ত কর্ম্মবিভাগের অন্য২ ব্যক্তিরা এই কর্ম্মে পুনশ্চ যে সাহায্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সন্তুষ্ট হইয়া তাহা স্বীকার করিতেছেন।

২৩। সুশিক্ষিত সম্প্রদায়ের লোকেরা এই পরীক্ষার নিয়মের শ্রেষ্ঠতা বিষয়ে উপযুক্ত জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন, এবং যাঁহারা বিদ্যাভ্যাস ও কার্য্যানুশীলনদ্বারা এই২ পদের সুযোগ্য হইতে চেষ্টা করিতেছেন তাহারদের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি হইতেছে, অতএব শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই২ পরীক্ষার এই সাধারণ ফলদৃষ্টে অত্যন্ত সন্তুষ্ট হইয়াছেন।

২৪। এই পরীক্ষার, ও ইহার পূর্ব্বে দুইবার যে পরীক্ষা হইয়া গিয়াছে তাহার এই ফল দৃষ্ট হইল যে, ৩৭৬ ব্যক্তি ঐ২ পদ প্রাপণের যোগ্য হইয়াছেন, এই কথা মনে রাখা উচিত। নিম্নশ্রেণীর একসেকিটিব কর্ম্মকারকেরা পূর্ব্বে মহকুমার কার্য্যে নিযুক্ত হইতেন না, এইক্ষণে সেই২ পদে নিযুক্ত হওয়াতে, যাঁহারা পূর্ব্ব২ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন গবর্ণমেন্ট তাঁহাদের সকলকে উপযুক্ত পদে নিযুক্ত করিতে পারিয়াছেন, এই বৎসরেও দুর্ভিক্ষাহেতুক অনেক কর্ম্মকারকের প্রয়োজন হওয়াতে, যাঁহারা এই বৎসরের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাঁহারদের অনেককেও কর্ম্ম দিবার সুযোগ হইয়াছে। কিন্তু ইহার পর গবর্ণমেন্টের কর্ম্মে নিযুক্ত করিবার জন্যে তত লোকের প্রয়োজন হইবে না। রাজকীয় কর্ম্মের নিমিত্ত উচ্চশ্রেণীর যে প্রকারের লোক পাইবার জন্যে এই পরীক্ষার নিয়ম স্থাপন হইয়াছিল, কিয়ৎকালের নিমিত্ত এবং একটিংরূপে যাঁহারা নিযুক্ত হন তাঁহাদের সমুদয়কে লইয়া তাঁহারদের সংখ্যা সর্ব্বসুদ্ধ ন্যূনাধিক ৩৭৫ জন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর	... ২৩২
সব-ডেপুটী কালেকটর	... ১১৪
আইন বহির্ভূত প্রদেশে নিম্নশ্রেণীর একসেকিটিব কর্ম্মকারক	... ২৯
সর্ব্বশুদ্ধ	... ৩৭৫

মহকুমার শিরিশতার মধ্যে নিম্নতর শ্রেণীর যে২ পদ পরীক্ষোত্তীর্ণ ছাত্রদের গ্রহণকরা সম্ভাবনা, তাহার মধ্যে কিয়ৎকালের নিমিত্ত যে পদধারণ হইতে পারে তাহাছাড়া ঐ২ প্রকারের ১০০টি পদমাত্র আছে। তদ্ভিন্ন মাজিষ্ট্রেট সাহেবেরা ও শিক্ষাসংক্রান্ত কর্ম্মবিভাগের কর্ত্তৃপক্ষেরা কোন২ ব্যক্তিকে কর্ম্ম দিতে পারেন। কিন্তু এই সমুদয় ধরিয়াও বোধ হয় যে, উভয় শ্রেণীর মধ্যে বৎসর২ গড়ে প্রায় ১৫টি পদের অধিক শূন্য হইবে না। আরো বিধির মধ্যে এই স্পষ্ট বিধান ছিল যে, পরীক্ষায় উত্তীর্ণ হইলেও গবর্ণমেন্টের অধীনে কর্ম্ম পাইবার অধিকার জন্মে না, কেবল পদশূন্য হইলে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের মধ্যহইতে কোন ব্যক্তিকে মনোনীত করা যাইতে পারিবে। অতএব যত পদশূন্য হয় সেই সকল পদে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের হইতে মনোনীত ব্যক্তিরাই যে নিযুক্ত হইবেন, এমত নিশ্চয়তা নাই। যাঁহারা এই২ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন গবর্ণমেন্ট কেবল তাঁহাদের মধ্যহইতে কর্ম্মকারক মনোনীত করিতে বদ্ধ নহেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব প্রচলিত বিধির নিয়ম প্রবল রাখিতে চাহেন, কিন্তু পাছে গবর্ণমেন্ট সকলের প্রত্যাশাপূর্ণ করিতে না পারেন এই নিমিত্ত এই তাবৎ বিষয় ব্যক্ত করা বিহিত জ্ঞান করিলেন।

২৫। পরীক্ষোত্তীর্ণ যে পদাকাঙ্ক্ষিদের নামনির্ঘণ্ট এইক্ষণে গবর্ণমেন্টের নিকট আছে, পূর্ব্বোক্ত কথাদ্বারা দৃষ্ট হইল যে গবর্ণমেন্ট আগামি দুই বৎসরের মধ্যে তাঁহারদের সকলকে কর্ম্ম দিয়া উঠিতে পারিবেন না। আগামি বৎসরের প্রথমযোগে যে পরীক্ষা হইবে তাহার বিধি প্রকাশ করা গিয়াছে। যাঁহারা পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইবেন সেই বিধির মধ্যে তাঁহাদের সংখ্যা ন্যূন করিবার কএক বিধান হইয়াছে, ও উত্তরকালে সেই ফল জন্মাইবার অন্য২ প্রস্তাবও করা গিয়াছে। পদাকাঙ্ক্ষিরা নানা বিষয়ের যত অঙ্ক পাইলে রাজকীয় কর্ম্মে নিযুক্ত হইবার যোগ্য হন, তদ্বিষয়ের বিধির কিয়দংশ পরিবর্ত্তন করা, অথবা পরস্পর প্রতিযোগিতার যে নিয়ম আছে তাহা উপযুক্তমতে মতান্তর করিয়া প্রচলিত করা, এবং নানা শ্রেণীর যত পদ শূন্য বলিয়া পূর্ব্বে প্রকাশ হয় কেবল তত জনকে পরীক্ষোত্তীর্ণ বলিয়া প্রকাশ করা আবশ্যক জ্ঞান হইতে পারিবে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এমত অনুভব হইতেছে। কিন্তু যে বিধি প্রকাশ হইয়াছে তদনুসারে আগামি পরীক্ষার ফল না দেখিলে তিনি পদ্ধতি নিরূপণ করিতে পারেন না। ইতিমধ্যে আগামি পরীক্ষায় ব্যুৎপত্তি প্রাপ্তির অপেক্ষাকৃত উচ্চ কষ্টি ধরিতে হইবে। অর্থাৎ পূর্ব্বে কোন ব্যক্তি প্রত্যেক কাগজের উপর সম্পূর্ণ অঙ্কের মধ্যে তৃতীয়াংশ পাইলে ও প্রত্যেক বিষয়ের অর্দ্ধাংশ পর্য্যন্ত অঙ্ক পাইলে পরীক্ষোত্তীর্ণ বলিয়া প্রকাশ

several grades. Before finally determining the course to be adopted, His Honor will await the result of the next examination under the rules which have already been published. In the meantime, the standard of proficiency to be exacted at the next examination must be raised; and while candidates who gained one-third marks in each paper and half marks on each subject were passed on previous occasions, on this one it will be an instruction to the examiners to require two-third marks in each paper and subject from the candidates for both the higher and the lower grades.

Statement showing the Remuneration sanctioned to the Examiners and the other Gentlemen who assisted in the late Examination.

Name.	Amount of remuneration.	Subject of examination.
	Rs.	
Mr. W. H. Grimley	1,000	Revenue, criminal, and opium laws, official orders, &c., &c.
„ J. M. Scott	909	Surveying and engineering.
„ S. F. Downing	420	Ditto ditto.
„ C. Grant	420	Ditto ditto.
Lieutenant Cameron	100	Ditto ditto.
Baboo Haran Chunder Banerjee ...	9	Ditto ditto.
„ Kallyprosono Mookerjee ...	20	Ditto ditto.
Another officer	20	Ditto ditto.
Mr. J. Willson	100	Botany.
„ W. G. Willson	100	Chemistry.
Moulvie Abdul Luteef	100	Vernacular.
Rev. K. M. Banerjee	32	Ditto.
Baboo Bruhmo Mohun Mullick ...	206	Ditto.
Mr. J. G. Charles	300	Riding and gymnastics.
„ F. J. Rowe	200	Ditto ditto.
„ H. Blochmann	150	Translating questions.
„ J. S. George	120	For acting as assistant.
„ C. N. Banerjea	80	Ditto.
„ E. M. Lewis	50	Printing secretly.
Baboo Gossain Dass Hazra ...	40	Translating, guarding the examinees, and otherwise assisting.
„ Nundo Lall Mookerjee ...	25	Ditto ditto.
Moonshi Ameer Hyder Khan ...	50	Ditto ditto.
Baboo Bhoobun Chunder Dhur ...	16	Ditto ditto.
Dr. Jadub Chunder Bose ...	16	Ditto ditto.
Mr. J. F. Thompson	20	Ditto ditto.
Total ...	4,503	

DISTRIBUTION LIST OF CANDIDATES WHO HAVE PASSED SUCCESSFULLY AT THE NATIVE CIVIL SERVICE EXAMINATION HELD IN MARCH 1874.

BURDWAN DIVISION.

Class I.

1. Lolitmohun Dhur.
2. Saradaprasad Sirkar.
3. Kedar Nath Ghose, B.A.
4. Mohendra Nath Bhuttacharjee, M.A., L.L.
5. Mr. Owen.

Class II.

1. Shivaprosunno Sen.
2. Uma Churn Laha.
3. Suttyatarun Mookerjee.
4. Poorno Chunder Guho.
5. Kumal Narain Chuckerbutty.

[*Government Gazette*, 1st *September* 1874.]

হইতেন, কিন্তু এইবার পরীক্ষকদের প্রতি এই আদেশ থাকিবে যে উচ্চতর ও নিম্নতর শ্রেণীর পদাকাঙ্ক্ষিরা প্রত্যেক কাগজের ও প্রত্যেক বিষয়ের উপর সম্পূর্ণ অঙ্কের মধ্যে তিন অংশের দুই অংশ না পাইলে উত্তীর্ণ হইবেন না।

বিগত পরীক্ষায় পরীক্ষকদের ও সহকারী অন্যান্য মহাশয়দের যে পারিশ্রমিক পাইবার অনুমতি হইয়াছে তৎপ্রকাশক বর্ণনাপত্র।

নাম।	যত পারিশ্রমিক	যে২ বিষয়ের পরীক্ষা হইয়াছে।
শ্রীযুত ডবলিউ এচ ফ্রিমলি সাহেব ...	১,০০০৲	রাজস্ব ও ফৌজদারী ও আফীন বিষয়ক ব্যবস্থা এবং রাজকীয় আজ্ঞাপ্রভৃতি।
,, জে এম স্কাট সাহেব ...	৯০৯৲	জরীপী ও ইঞ্জিনিয়রি বিদ্যায়।
,, এস এফ ডোনিং সাহেব ...	৪২০৲	ঐ ঐ
,, সি গ্রাণ্ট সাহেব ...	৪২০৲	ঐ ঐ
লেপ্টেনেন্ট শ্রীযুত কেমরন সাহেব ...	১০০৲	ঐ ঐ
শ্রীযুত বাবু হারাণ চন্দ্র বন্দ্যোপাধ্যায় ...	৯৲	ঐ ঐ
,, ,, কালীপ্রসন্ন মুখোপাধ্যায় ...	২০৲	ঐ ঐ
অন্য এক জন কার্য্যকারক ...	২৫৲	ঐ ঐ
শ্রীযুত যে উইলসন সাহেব ...	১০০৲	উদ্ভিদ বিদ্যায়।
,, ডবলিউ জি উইলসন সাহেব ...	১০০৲	কিমীর বিদ্যায়।
,, মৌলবী আবদুল লতিফ ...	১০০৲	দেশীয় ভাষায়।
পাদরী শ্রীযুত কে এম বন্দ্যোপাধ্যায় ...	৩১৲	ঐ
শ্রীযুত বাবু ব্রহ্ম মোহন মল্লিক ...	২০৬৲	ঐ
,, জে জি চার্লস সাহেব ...	৩০০৲	অশ্বারোহণ ও ব্যায়াম বিষয়ে।
,, এফ জে রৌ সাহেব ...	২০০৲	ঐ ঐ
,, এচ ব্লকমান সাহেব ...	১৫০৲	প্রশ্ন অনুবাদ করণে।
,, জে এস জর্জ সাহেব ...	১২০৲	সহকারির কর্ম্ম করণে।
,, সি এন বন্দ্যোপাধ্যায় ...	৮০৲	ঐ
,, ই এম লুইস সাহেব ...	৫০৲	গোপনে মুদ্রিত করণে।
,, বাবু গোসাঁই দাস হাজরা ...	৪০৲	অনুবাদ করণে, পরীক্ষার্থিদিগকে চৌকী দেওনে ও প্রকারান্তরে সাহায্য করণে।
,, ,, নন্দলাল মুখোপাধ্যায় ...	২৫৲	ঐ ঐ
,, ,, মুনশী আমীর হাইদর খাঁ ...	৫০৲	ঐ ঐ
,, বাবু ভুবনচন্দ্র ধর ...	১৬৲	ঐ ঐ
ডাক্তর শ্রীযুত যাদবচন্দ্র বসু ...	১৬৲	ঐ ঐ
শ্রীযুত জে এফ তামসন সাহেব ...	২০৲	ঐ ঐ
মোট ...	৪,৫০৩৲	

১৮৭৪ সালের মার্চ মাসে নেটিব সিবিল সর্ব্বিসের যে পরীক্ষা হয় সেই পরীক্ষাতে সফল রূপে উত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের কর্ম্ম প্রাপণের নির্ঘটপত্র।

বর্দ্ধমান খণ্ড।

প্রথম শ্রেণী।

১। শ্রীযুত ললিতমোহন ধড়
২। ,, সারদাপ্রসাদ সরকার
৩। ,, কেদারনাথ ঘোষ, বি, এ
৪। শ্রীযুত মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য, এম, এ, ও এল, এল,
৫। ,, ওয়েন সাহেব

দ্বিতীয় শ্রেণী।

১। শ্রীযুত শিবপ্রসন্ন সেন
২। ,, উমাচরণ লাহা
৩। ,, সত্যতারণ মুখোপাধ্যায়
৪। শ্রীযুত পূর্ণচন্দ্র গুহ
৫। ,, কমলনারায়ণ চক্রবর্ত্তী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১ সেপ্টেম্বর।]